



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৩.০৮.০০৫.২০০৭- ১১৪০

তারিখঃ ২৫ জুন, ২০১৮।

বরাবর

ব্যবস্থাপনা পরিচালক

বিওএসএল মিডকন্টিনেন্ট লজিস্টিকস্ লিঃ (বিওএসএল)

৩৯, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০।

বিষয়ঃ চট্টগ্রাম অঞ্চলের হালিশহরে অবস্থিত ৩২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনার বকেয়া ভাড়া/কিস্তির টাকা পরিশোধ না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম অঞ্চলের হালিশহরে অবস্থিত ৩২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনার ৮৫,৭৮,৩৪২.৩৩ টাকা বকেয়া ভাড়া ২৫/১২/২০১৬ তারিখের মধ্যে পরিশোধের লক্ষ্যে আরবিট্রেশন মামলায় বিজ্ঞ আরবিট্রের কর্তৃক রোয়েদাদ প্রদান করা হয় এবং একইসঙ্গে প্রতি তিন মাস অন্তর অন্তর নির্দিষ্ট হারে ভাড়া পরিশোধের জন্যও নির্দেশনা প্রদান করা হয়।

০২. এর পরিপ্রেক্ষিতে আপনার মাধ্যমে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে প্রাপ্য সমুদয় টাকা পরিশোধ করা হলেও ৪র্থ ও ৫ম কিস্তিতে প্রাপ্য সর্বমোট ৪.০০ লক্ষ টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করা হয়নি।

০৩. এমতাবস্থায়, ৪র্থ ও ৫ম কিস্তিতে প্রাপ্য ৪.০০ লক্ষ টাকা অতি দ্রুততার সহিত পরিশোধসহ পরবর্তীতে প্রদেয় কিস্তি পরিশোধেও আন্তরিক হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

০১. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, চট্টগ্রাম।

০২. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

০৩. অফিস কপি।